সরকারের নিষেধাজ্ঞা সত্ত্বেও ঝিনাইদহে হার্ভার্ড, ওরাকল ও সাইফুর’সসে কোচিং বাণিজ্য চলছে

সারা বিশ্ব যখন করোনার ভয়ে আতঙ্ক, সরকারের পক্ষ থেকে দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠান, কোচিং সেন্টার ৩১মার্চ পযর্ন্ত বন্ধ রাখার কড়া নিষেধাজ্ঞা সেই মুহূর্তে ঝিনাইদহের হার্ভার্ড স্কুল এন্ড কলেজ, ওরাকল ও সাইফুর’স সহ বেশকিছু প্রি-ক্যাডেট ও কোচিং সেন্টার নিষেধাজ্ঞা উপেক্ষা করে চালিয়ে যাচ্ছে কোচিং বাণিজ্য।

শনিবার সকাল ৯টায় এমনকয়েকটি প্রতিষ্ঠিানের সামনে ঘুরে এমন দৃশ্য দেখা যায়। হার্ভার্ড স্কুল এন্ড কলেজে অভিভাবক ও ছাত্র ছাত্রীদের মাঝে টাকার বিনিময়ে প্রশ্ন বিতরণ করার দৃশ্য দেখা গেছে। ছাত্রছাত্রীদের বিকাল ৩টায় এসে উত্তরপত্র জমা দেওয়ার জন্য বলা হয়েছে। বেশ কয়েকজন অভিভাকের সাথে কথা বলে এসবের সত্যতা পাওয়া গেছে। সাংবাদিক আসার খবর পেয়ে প্রতিষ্ঠানের কয়েকজন শিক্ষক, ৩০/৪০জন ছাত্র ও অভিভাবকে দ্রুত স্থান ছেড়ে চলে যেতে বলেন। কয়েকজন শিক্ষকের কাছ থেকে প্রশ্ন এবং খাতা বিতরণ করার দৃশ্যও চোখে পড়ে।

এছাড়া ওরাকল কোচিং সেন্টারের সজল নামে একজন শিক্ষককে গনিতের ক্লাস নিতে দেখা যায়। তার কাছে প্রশ্ন করলে তিনি বলেন কর্তৃপক্ষের নির্দেশে একটি ক্লাস নিচ্ছি তিনি প্রতিষ্ঠানের প্রধানের নাম বলতে অপারগতা প্রকাশ করেন।

সাইফুর’স কোচিং সেন্টারেও একই অবস্থা, রবিউল নামে একজন শিক্ষককে ছাত্রদের প্রয়োজনীয় ক্লাস এবং পরামর্শ দিচ্ছিলেন সাংবাদিক আসার সংবাদ পেয়ে দ্রুত কোচিং বন্ধ করে বাইরে নেমে যেতে বলেন।

এবিষয়ে হার্ভার্ড স্কুল এন্ড কলেজের প্রতিষ্ঠাতা চেয়ারম্যান এমএ রহিম বলেন আমি প্রতিষ্ঠানের ক্লাস ও পরীক্ষা বন্ধ রেখেছি কিন্তু পঞ্চম শ্রেণীর ছাত্রদের অভিভাবকদের মাধ্যমে প্রতি সপ্তাহে একটি বিশেষ কায়দায় পরীক্ষা নেওয়ার ব্যবস্থা করেছি।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

নির্বাচনে ১৬৮টি ভোটের মধ্যে ১৬২ ভোট পোল হয়েছে।

সভাপতি পদে আরেফিন মিয়া মিলন ৯০ ভোট পেয়ে নির্বাচিত হয়েছে। তার নিকটতম প্রতিদ্বন্দি আলহাজ¦ মীর শফিকুল ইসলাম ৭২ ভোট পেয়েছেন।

সাধারণ সম্পাদক পদে আলাউদ্দিন মিয়া ১০৬ ভোট পেয়ে বিজয়ী হয়েছেএ তার নিকটতম প্রতিদ্বন্দি পদে ৫৬ ভোট পেয়েছেন রেজাউল করীম।

কোষাধ্যক্ষ পদে আব্দুর রহমান ৬৪ ভোট পেয়ে নির্বাচিত হয়েছেন। তার প্রতিদ্বন্দি আলমগীর হোসেন পেয়েছেন ৫১ ভোট ও শ্রী অমল কুমার অধিকারী পেয়েছেন ৪৭ ভোট।

নির্বাচনে প্রিজাইডিং অফিসারের দায়িত্ব পালন করেন বণিক সমিতির সভাপতি আলহাজ¦ মকবুল হোসেন। সহকারী প্রিজাইডিং হিসেবে ছিলেন গার্মেন্সস সমিতির সভাপতি সৈয়দ সাজেদুল হক, সম্পাদক খন্দকার আব্দুল্লাহ আল মামুন, বণিক সমিতির ধর্ম সম্পাদক হাফেজ মো: মোতালেব হোসেন, বণিক সমিতির সদস্য জনি বিশ^◌াস, আবুল কাসেম টুকু, বজলুর রহমান। বাকী অন্যান্য সদস্যরা বিনা প্রতিদ্বন্দিতায় নির্বাচিত হয়েছে।

ভাবিকে নিয়ে দেবর লাপাত্তা

কার্পাসডাঙ্গা প্রতিনিধি
দামুড়হুদার মুকতারপুরের মিন্টু বড় ভাইয়ের বউ কে নিয়ে অজানার উদ্দ্যেশে পাড়ি দিয়েছে।
গত বৃহস্পতিবার বিকাল তিন ঘটিকার সময় চুয়াডাঙ্গা জেলা দামুড়হুদা থানার মুকতার পুর গ্রামের শামসুলের ছেলে খলিল (২৬) এর বউ এক সন্তানের জননী ছাবিনা (২২) কে নিয়ে একই গ্রামের রহিমের ছেলে মিন্টু (২৫) অজানার উদ্দ্যেশে পাড়ি জমিয়েছে।

এলাকাবাসী সূত্রে জানাগেছে, খলিল এর বউ ছাবিনার সাথে দির্ঘোদিন ধরে মিন্টুর সাথে গোপনে পরোকিয়াই গড়ে উঠেছিল তারা বিভিন্ন সময় বিভিন্ন স্থানে গোপনে মেলা মেশা করার এক পর্যায়ে গত বৃহস্পতিবার বিকাল তিন টার দিকে ছাবিনা মিন্টুর হাত ধরে পালিয়ে যায়।

এলাকাবাসী বলে যে খলিল ও মিন্টু তারা সম্পর্কে আপন চাচাতো ভাই। মিন্টু ও এক সন্তানের জনক এদিকে ছাবিনার এক মেয়ে এবং চার মাসের গর্ভবতি কেউ কেউ বলে যে ছাবিনার গর্ভের সন্তান মিন্টুর।

এই বিষয়টি এলাকাজুড়ে এক মুখোরচক সমালোচনাই দাঁড়িয়েছে। এই

ছাবিনা পীরপুরকুল্লা গ্রামের মাঝ পাড়ার আবুল পুন্ডের মেয়ে।

দামুড়হুদার মুন্সিপুরের আব্দুল আলিম এর রমরমা ফেনসিডিল ব্যবসা অব্যহত

দামুড়হুদার মুন্সিপুর গ্রামের চিহ্নিত মাদক ব্যবসায়ী আব্দুল আলিমের মাদক ব্যবসা অব্যহত।
জানাগেছে, চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গা ইউনিয়নের মুন্সিপুর গ্রামের জামাই পাড়ার পচাই শেখের ছেলে আব্দুল আলিম (৪৫) দিনে দুপুরে প্রকাশ্য চালিয়ে যাচ্ছে রমরমা ফেনসিডিল ও ইয়াবা ব্যবসা চালিয়ে যাচ্ছে বলে এলাকাবাসী অভিযোগ করে।

এলাকাবাসী আরও বলে যে আমাদের মুন্সিপুর গ্রামের একশত ভাগ লোক বিভিন্ন মাদক ব্যবসার সাথে জড়িত ছিলো কিন্তু আমাদের চুয়াডাঙ্গা জেলার পুলিশ সুপার মহোদয় সহ সকল প্রসাশনিক কর্মকর্তাদের মাদক বিরোধী চিরুনি অভিযান অব্যহত থাকায় আশি ভাগ মাদক ব্যবসায়ীরা মাদক ছেড়ে দিয়ে সুন্দর জীবন যাপন করছে। বর্তমানে হাতে গোনা কয়েক জন প্রভাবশালি ব্যক্তিদের মদ্ধ্যে আব্দুল আলিম সবচেয়ে বেশি বে পরোয়া হয়ে পড়েছে কনো ভাবেই তাকে দমন করা যাচ্ছে না।।

গ্রামবাসী অভিযোগ করে বলে মাদক ব্যবসা বন্ধ করার কথা বলতে গেলে অকত্য ভাষায় গালি দেই এবং আব্দুল আলিম প্রকাশ্যে বলে আমি পুলিশ, বিজিবি সকলকে ম্যানেজ করে ব্যবসা করছি আমি ব্যবসা করবো পারলে তোরা ঠেকাশ আর বেশি বাড়া বাড়ী করলে মাদক দিয়ে চালান করে দেবো। এই বিষয়ে গ্রামবাসীরা আরও বলেন, এই আব্দুল আলিমের পিছনে কিছু মদত দাতা আছে তাদের সাহসেই এতো বেপরোয়া হয়ে উঠেছে এই চিহ্নিত মাদক ব্যবসায়ী আব্দুল আলিম।

ইতি পূর্বে ও মাদক সহ ধরা পড়ে কার্পাসডাঙ্গা পুলিশের কাছে চুয়াডাঙ্গা আমলী আদালতে তার না্মে মামলাও আছে, জেল খেটে বাড়ী ফিরে আবার বেপরোয়া ভাবে চালিয়ে যাচ্ছে মাদক ব্যবসা আর নাম

ভাঙ্গাচ্ছে পুলিশ ও বিজিবির।

তাই এলাকাবাসী বলে এই চিহ্নিত মাদক ব্যবসায়ী আব্দুল আলিম কে গ্রেফতার করে আইনের আওতায় আনলেই বেরিয়ে আসবে থলের বিড়াল এবং নির্মুল হবে মাদক ব্যবসা চলে আসবে জিরো ট্রলারেন্সে।

বাচবে এলাকার যুবসমাজ তারই পরিপ্রেক্ষিতে এই চিহ্নিত মাদক ব্যবসায়ী আব্দুল আলিম কে জরুরী ভাবে গ্রেফতার করার জন্য পুলিশ সুপার সহ ৬ বিজিবির কমান্ডিং অফিসার সহ প্রসাশনিক সকল উর্ধতন কতৃপক্ষের আশুহস্তোক্ষেপ কামনা করেছে এলাকার সচেতন মহল।
আরও জানতে আমাদের সাথে থাকুন।

চিৎলায় বঙ্গবন্ধুর জন্মশতবর্ষ উপলক্ষে আলোচনা সভা ও দোয়া মাহফিল

গত মঙ্গলবার বিকাল ৪ ঘটিকার সময়, চিৎলা ইউনিয়ন আওয়ামী লীগের উদ্যোগে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম শতবর্ষ উপলক্ষে, আলোচনা সভা ও দোয়া মাহফিলের আয়োজন করা হয়।

অনুষ্ঠানে ১৪ নং চিৎলা ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি জনাব আব্দুল বাতেনের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আওয়ামী লীগ নেতা ও অবসরপ্রাপ্ত প্রধান শিক্ষক জনাব আখতার হোসেন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বীর মুক্তিযোদ্ধা নুরুজ্জামান লালটু ও দেলোয়ার হোসেন দিপু। প্রধান বক্তা হিসেবে উপস্থিত ছিলেন বিশিষ্ট আওয়ামী লীগ নেতা জনাব রইস উদ্দিন মাস্টার।

আরো উপস্থিত ছিলেন আওয়ামী লীগের নেতাকর্মী জনাব শমশের,মুজাম, বেল্টু, নজরুল, মালেক, ঝন্টু, হারেজ মিয়া, ভুট্টা মিয়া,মহাসিন,আবুসিদ্দিক,মজিবর, আশুতোষ, আতাউর রহমান,কাইসার আহমেদ, কামরুজ্জামান বাবু, মহাসিন সোহেল শাহ্, ফেরেজল, পটল, লাল্টু, মমিন প্রমুখ।

সারাদেশে সাংবাদিক নির্যাতনের প্রতিবাদে দর্শনা প্রেসক্লাবে প্রতিবাদ সভা

কুড়িগ্রামে সাংবাদিক আরিফুল ইসলাম-সহ সারাদেশে সাংবাদিক নির্যাতনের প্রতিবাদে দর্শনা প্রেসক্লাবের উদ্যোগে প্রতিবাদ সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকার শুক্রবার সকাল ১০টায় দর্শনা প্রেসক্লাব কার্যালয়ে অনুষ্ঠিত প্রতিবাদ সভায় সভাপতিত্ব করেন প্রেসক্লাবের সভাপতি দৈনিক ইত্তেফাক এর দামুড়হুদা সংবাদাতা মনিরুজ্জামান ধীরু।

এসময় দৈনিক ভোরের কাগজের দামুড়হুদা উপজেলা প্রতিনিধি দর্শনা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক আওয়াল হোসেন বক্তব্য রাখতে গিয়ে সাংবাদিক নিযার্তনের ঘটনার তীব্র-নিন্দা প্রতিবাদ জানিয়ে বলেন, আরিফুল ইসলাম এর ওপর নিযার্তন এবং সাংবাদিক শফিকুল ইসলাম কাজল নিখোঁজে ঘটনা অত্যন্ত ন্যাকারজনক ও মর্মহত।
অতিসত্তর শফিকুল ইসলাম কাজলকে উদ্ধার ও সাংবাদিক নিযার্তনকারীদের দৃষ্টান্তমুলক শাস্তির দাবী করেন। আমি আশাকরি জন-প্রশাসন মন্ত্রনালয় এ বিষয় দ্রুত পদক্ষেপ গ্রহন করবেন।

এছাড়া প্রতিবাদ সমাবেশে আরো উপস্থিত ছিলেন, সাবেক সভাপতি দৈনিক যুগান্তর ও মাই টিভির সাংবাদিক ইকরামুল হক পিপুল, প্রেসক্লাবের সংগঠনিক সম্পাদক ও ডেইলী বাংলাদেশ পোষ্ট এর উপজেলা প্রতিনিধি নজরুল ইসলাম, সহ-সম্পাদক (দৈনিক নয়াদিগন্ত) প্রতিনিধি মনিরুজ্জামান সুমন।

অনান্যদের মধ্যে উপস্থিত ছিলেন সাংবাদিক হানিফ মন্ডল, এস এম ওসমান, সাবেক সাধারণ সম্পাদক চঞ্চল মেহমুদ, মেহেরপুর প্রতিদিন পত্রিকার আহসান হাবিব মামুন, হারুন অর রশিদ, বাংলা ট্রিবিউন এর সাংবাদিক মেহেদী হাসান, নতুন সময় পত্রিকার মাসুম বিল্লাহ, খবরপত্রের আব্দুর রহমান, দৈনিক সময়ের সমীকরণ পত্রিকার ওয়াসিম রয়েল, সাংবাদিক সুজন ও ফরহাদ হোসেন প্রমুখ।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

পূর্ব পাড়ার সবুর মন্ডলের ছেলে রুবেল হোসেন(২৪) কয়েক বছর আগে ঢাকায় পাড়ি জমায়।

এরই মধ্যে চাকরি শুরু করে আর এফ এল গ্রুপে।

প্রতিদিনের ন্যায় ১৬দিন আগে নিজ বাই সাইকেল যোগে অফিসে যাওয়ার সময় বাসের ধাক্কায় গুরুতর আহত হয়ে পড়ে রুবেল।

চিকিৎসার জন্য রুবেলকে ভর্তি করা হয় ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে। গত বৃহস্পতিবার সন্ধায় চিকিৎসাধীন অবস্থায় রুবেল মৃত্যু বরন করেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)।

গতকাল শুক্রবার রুবেলের মরদেহ নিজ গ্রাম এনায়েতপুরে নিয়ে গ্রাম্য কবরস্থানে দাফনকার্য সম্পন্ন হয়েছে পারিবারিক সুত্রে জানা গেছে। রুবেলের অনাকাক্সিক্ষত মৃত্যুতে এনায়েতপুর গ্রামে শোকের ছায়া নেমে আসে।

হাটবোয়ালিয়া স্কুল অ্যান্ড কলেজের অধ্যক্ষ আব্দুস সাত্তারের অবসর গ্রহণ

হাটবোয়ালিয়া স্কুল এ্যান্ড কলেজের অধ্যক্ষ আব্দুস সাত্তার আনুষ্ঠানিক ভাবে শিক্ষকতা জীবন থেকে অবসর গ্রহণ করেছেন। বেদনা বিধুর পরিবেশে তাঁর দায়িত্ব হস্তান্তর পর্বটি অনুষ্ঠিত হলো।

সাময়িকভাবে অধ্যক্ষের দায়িত্বভার গ্রহণ করলেন প্রভাষক শামীমা নাসরিন। তিনি বর্তমানে ভারপ্রাপ্ত অধ্যক্ষ হিসেবে দায়িত্ব পালন করবেন।

প্রসঙ্গগত, অধ্যক্ষ আব্দুস সাত্তার গত ১৯৮৫ সালের ২ ফেব্রুয়ারি শিক্ষকতা পেশায় যোগদান করেন। গত ১৯৯৯ সালের ৬ এপ্রিল হাটবোয়ালিয়া স্কুল এ্যান্ড কলেজে অধ্যক্ষ পদে যোগদান করেন। তিনি অত্যন্ত ন্যায়নিষ্ঠা ও দায়িত্বশীলতার সাথে অধ্যক্ষ পদ

অলংকিত করে রাখেন। ঐতিহ্যবাহী শতবর্ষী এ শিক্ষাপ্রতিষ্ঠানে তিনি সবচে বেশি সময় প্রতিষ্ঠান প্রধান হিসেবে দায়িত্ব পালন করেন।

বিদায় গ্রহণের অভিজ্ঞতা বর্ণনা করতে গিয়ে অধ্যক্ষ আব্দুস সাত্তার বলেন, যদিও পিছনের অনেক স্মৃতি, শ্রম, ছাত্র-ছাত্রী ও সহকর্মীদের ভালবাসা ফেলে আজ বিদায় নিতে হচ্ছে। এ প্রতিষ্ঠানের সব কিছু ছেড়ে আমি খুব ভারাক্রান্ত মন নিয়ে বিদায় হচ্ছি। তবুও বলতেই হয় আজ আমি মুক্ত হলাম, স্বাধীনভাবে চলাচল করবো জীবনে এর চেয়েও বড় প্রাপ্তি আর হয়না। আমি আজ পরিতৃপ্ত হলাম। সকলের কাছে পরবর্তী জীবনের জন্য দোয়া চাই, আমার আর চাওয়া পাওয়া নাই।

অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন, জেলা পরিষদের সদস্য, ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি ও হাটবোয়ালিয়া স্কুল অ্যান্ড কলেজের গর্ভানিং বডির সভাপতি আসাবুল হক ঠান্ডু, গর্ভানিং বডির সদস্য আশরাফুজ্জামান নান্নু, সদস্য মামুন রেজা, ইকলাচ উদ্দীন, আজাদ আলী বিশ্বাস, কালু মন্ডল ও আসমান হাকীম।

হাটবোয়ালিয়া কলেজ শাখার প্রভাষক আব্দুর রহিমের উপস্থাপনায় আরও উপস্থিত ছিলেন, সহকারী অধ্যাপক শহিদুল ইসলাম, মফিজুর রহমান, এনামুল হক, আব্দুল মান্নান ফকির, মতিউল হুদা, মনোয়ার হোসেন, শফিকুল ইসলাম, এসএম জাহাঙ্গীর, রিচিনা পারভীন, এমদাদুল হক (অবসর প্রাপ্ত শিক্ষক), শিক্ষক শামসুল হক, হামিদুল ইসলাম, মনিরুজ্জামান, কামরুজ্জামান, সেলিম হোসেন, মীর মিঠুন, আজমতুল হুদা, মামুন, বিউটি আক্তার প্রমুখ।

মেহেরপুরে দুই হেরোইন ব্যবসায়ী আটক

মেহেরপুর ডিবি পুলিশের মাদক বিরোধী অভিযান চালিয়ে জামিরুল ইসলাম ও খোকা নামে দুই ব্যবসায়ীকে হেরোইনসহ আটক করেছে।

গতকাল শুক্রবার বিকালের দিকে মেহেরপুর কোটপাড়া আলিয়া মাদ্রাসার রাস্তার উপর থেকে তাদের আটক করা হয়। আটক জামিরুল ইসলাম খোকন

মেহেরপুর সদর উপজেলার চকশ্যামনগর গ্রামের আওলাদ আলীর ছেলে এবং খোকা মেহেরপুর স্টেডিয়াম পাড়ার আব্দুল মালেকের ছেলে।

ডিবির এসআই ইব্রাহিমের নেতৃত্বে ১৫ গ্রাম হেরোইন সহ দু’জনকে আটক করা হয়। এ ব্যাপারে মেহেরপুর সদর থানায় একটি মামলা দায়ের করা হয়েছে